দৈনিক ইত্তেফাক

তারিখ 14 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

84

# পাসের সার্টিফিকেট তুলিতে বিড়ম্বনা

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার সার্টিফিকেট তুলিতে ছাত্র-ছাত্রীরা বিড়ম্বনার শিকার হইতেছেন বলিয়া অভিযোগ উঠিয়াছে। সম্প্রতি

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## পাসের সার্টিফিকেট

( ১ম পৃঃ পর )

বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট অনার্স ও মাষ্টার্স পরীক্ষার মূল ও সাময়িক সার্টিফিকেট তোলার ক্ষেত্রে নূতন পদ্ধতি চালু করিয়াছে। এই পদ্ধতিতে একটি সার্টিফিকেট নেওয়ার জন্য ১০ দিন পর্যন্ত অপেক্ষা করিতে হইবে। অথচ পূর্বে ১ দিনেই সার্টিফিকেট উঠানো যাইত। ইহাছাড়া বর্তমানে জরুরী ভিত্তিতে সার্টিফিকেট নেওয়ার জন্য দুইশত টাকা অতিরিক্ত ফি জমা দেওয়ার নিয়ম করা হইয়াছে। এই 'জরুরী'র কোন সময় নির্দিষ্ট না থাকায় কার্যতঃ উহা সপ্তাহকালও গড়াইয়া যায়। এই পদ্ধতিতে সার্টিফিকেট তোলার জন্য সাবসিডিয়ারী পরীক্ষার মার্কসশীটও জমা দিতে হয়। এই রীতি বাংলাদেশের আর কোন বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নাই।